

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা


নং সংস্থা/ব-২৩/রে-৪৭৮১(৮০)

তারিখঃ ২৩ মে ২০২১

## বিজ্ঞপ্তি

দেশব্যাপী করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ প্রতিরোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পূর্বের নির্দেশের ধারাবাহিকতায় সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা আগামী ৩০/০৫/২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত হওয়ায় গত ১৬/০৫/২০২১ তারিখের সংস্থা/ব-২৩/রে-৪৭৩৫(৮০) নং বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় আগামী ৩০ মে ২০২১ তারিখ পর্যন্ত এই বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/অফিস/ইনস্টিটিউট/সেন্টার বন্ধ থাকবে। এ সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারী অফিস সময়ে স্টেশন ত্যাগ না করে স্ব স্ব গৃহে অবস্থান করবেন। কোন কর্মকর্তা-কর্মচারী ঢাকা ত্যাগ করতে পারবেন না। তবে মেডিক্যাল সেন্টার, বিদ্যুৎ সরবরাহ, পানি সরবরাহ, গ্যাসের রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, নিরাপত্তার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, টেলিফোন ও ইন্টারনেট সেবায় নিয়োজিত ব্যক্তিবর্গ এবং অন্যান্য জরুরী রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ এই ছুটির আওতার বহির্ভূত থাকবেন। তাছাড়া জরুরী প্রয়োজনে অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনার নিমিত্তে ল্যাবরেটরী খোলা রাখা যাবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ল্যাবরেটরীতে বিভাগীয় প্রধানের নির্দেশনা মোতাবেক উপস্থিত থেকে অনলাইন শিক্ষা কার্যক্রমে সহায়তা করবেন। তবে তারা সরকারী স্বাস্থ্য সংক্রান্ত নিয়ম এবং সামাজিক দূরত্ব সংক্রান্ত নিয়ম মেনে চলাফেরা করবেন।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,



(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

### বিতরণঃ

- ১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। সকল অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য।
- ৭। পিএসটিভিসি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। পিএসটি প্রো-ভিসি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। সহকারী পরিচালক, তথ্য ও প্রকাশনা, ডিএইআরএস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১০। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড।
- ১১। গার্ড ফাইল/ব-৬/ব-৪১।